# গোপনীয়তা পদ্ধতি সংক্রান্ত বিজ্ঞপ্তি

**আমরা আপনার গোপনীয়তার বিষয়ে প্রতিজ্ঞাবদ্ধ**
Corewell Health-এ আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্যের গোপনীয়তা আমাদের কাছে সব সময় অগ্রাধিকার পেয়েছে। এই বিজ্ঞপ্তিটি Corewell Health-এর রোগী এবং পরিবারকে তাদের গোপনীয়তা সংক্রান্ত অধিকার এবং সেই অধিকারগুলো সুরক্ষিত করার বিষয়ে Corewell Health বর্তমানে কতটা অঙ্গীকারবদ্ধ, সেই ব্যাপারে প্রয়োজনীয় তথ্য প্রদান করে। আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য কিভাবে সংগ্রহ এবং ব্যবহার করা হয়, সে ব্যাপারে আপনার পছন্দের অধিকার আছে।

**প্রশ্ন বা উদ্বেগ**
Corewell Health, Chief Privacy Officer MC168,
100 Michigan Street NE, Grand Rapids, MI 49503
• কল: **616.486.4113**
• ইমেল: **privacy@corewellhealth.org**

**গোপনীয়তা পদ্ধতি সংক্রান্ত যৌথ বিজ্ঞপ্তি**
এই বিজ্ঞপ্তিতে বর্ণনা করা হয় আপনার ব্যাপারে চিকিৎসা সংক্রান্ত তথ্য কিভাবে ব্যবহার করা হতে পারে এবং প্রকাশ করা হতে পারে এবং আপনি কিভাবে এই তথ্যের অ্যাক্সেস পাবেন। **অনুগ্রহ করে এই বিজ্ঞপ্তিটি মনোযোগ সহকারে পর্যালোচনা করুন**। এই বিজ্ঞপ্তিটি 17 আগস্ট, 2023 থেকে কার্যকর।

এই বিজ্ঞপ্তির ব্যাপারে আপনার প্রশ্ন থাকলে Corewell Health-এর চিফ প্রাইভেসি অফিসারের সাথে **privacy@corewellhealth.org** ঠিকানায় অথবা ওপরে তালিকাভুক্ত যোগাযোগের তথ্য ব্যবহার করে যোগাযোগ করুন।

**কে বা কারা এই বিজ্ঞপ্তিটি অনুসরণ করবেন**
এই বিজ্ঞপ্তিটি হাসপাতাল, দক্ষ নার্সিং হোম, আর্জেন্ট কেয়ার সেন্টার, আমাদের মেডিকেল স্টাফ, হোম হেলথ কেয়ার এজেন্সি, হসপিসেস, ক্লিনিক, অফিস এবং Corewell Health পরিচালিত সেবাকেন্দ্রগুলো সহ "Corewell Health" অথবা "Corewell স্বাস্থ্যসেবা কেন্দ্রের" জন্য প্রযোজ্য। তালিকাভুক্ত থাকুক বা না থাকুক, Corewell Health-এর সকল সেবাকেন্দ্র ও অফিস এই বিজ্ঞপ্তি অনুসরণ করবে। অফিসে অথবা আপনি যে সেবাকেন্দ্রে সুবিধা পাচ্ছেন, সেখানে **616.486.4113** নম্বরে কল করে বা
**privacy@corewellhealth.org** ঠিকানায় ইমেল করে এই গোপনীয়তা পদ্ধতি সংক্রান্ত বিজ্ঞপ্তির একটি পরিবর্তিত সংস্করণ পাওয়া যাবে।
এছাড়াও Corewell Health-এর অর্গানাইজড হেলথ কেয়ার অ্যারেঞ্জমেন্টে (OHCA) অংশগ্রহণকারী সংগঠনগুলোর জন্য এই বিজ্ঞপ্তি প্রযোজ্য। এই সংগঠনগুলো চিকিৎসা, পেমেন্ট এবং স্বাস্থ্য সেবা কার্যক্রমের জন্য একে অপরের সাথে আপনার সুরক্ষিত স্বাস্থ্য বিষয়ক তথ্য (PHI) শেয়ার করবে।

Corewell Health নিজেদের OHCA-তে, যে কোনো ব্যক্তি বা সংগঠন দ্বারা অংশগ্রহণ পরিবর্তন করতে পারে। স্বাস্থ্য সেবা প্রদানকারীর OHCA অংশগ্রহণের পরিস্থিতি সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে **616.486.4113** নম্বরে কল করুন অথবা **privacy@corewellhealth.org** ঠিকানায় ইমেল করুন।

**আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্যের ব্যাপারে আমাদের অঙ্গীকার**
আমরা জানি যে আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য একটি ব্যক্তিগত বিষয় এবং আমরা এটি সুরক্ষিত রাখার জন্য প্রতিজ্ঞাবদ্ধ। আপনার স্বাস্থ্য বিষয়ক যে তথ্য আমরা ব্যবহার করি, তৈরি করি, রেখে দিই এবং প্রকাশ করি, তা আমাদের থেকে গ্রহণ করা আপনার শারীরিক বা মানসিক চিকিৎসা সংক্রান্ত হতে পারে। Corewell Health থেকে আপনি যে পরিচর্যা এবং সেবা পান, আমরা সে ব্যাপারে একটা রেকর্ড তৈরি করি। এই রেকর্ডের মাধ্যমে আমরা সুনির্দিষ্ট কিছু আইনি বাধ্যবাধকতা মেনে চলতে পারি এবং আপনাকে উচ্চমানের পরিচর্যা প্রদান করতে পারি। ইলেক্ট্রনিক হোক বা কাগজে, Corewell Health দ্বারা পরিচালিত আপনার সেবা সংক্রান্ত সব রেকর্ডের জন্য এই বিজ্ঞপ্তি প্রযোজ্য। যে চিকিৎসক আপনাকে সেবা প্রদান করছেন, তিনি যদি Corewell Health টিমের সদস্য না হন, তাহলে আপনার চিকিৎসা সংক্রান্ত তথ্য প্রকাশ এবং ব্যবহার করার ব্যাপারে তাদের পৃথক নীতি বা বিজ্ঞপ্তি থাকতে পারে। আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য কিভাবে ব্যবহার করা এবং প্রকাশ করা হয়, সেই ব্যাপারে বিশদ বিবরণ এই বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হয়। এছাড়াও স্বাস্থ্য বিষয়ক তথ্য ব্যবহার এবং প্রকাশ করার ব্যাপারে আপনার অধিকার এবং আমাদের দায়বদ্ধতার বিশদ বিবরণ এখানে দেওয়া থাকে।

আইন অনুযায়ী আমরা উল্লিখিত কাজগুলি করতে বাধ্য:
• আপনার PHI-এর গোপনীয়তা এবং সুরক্ষা বজায় রাখা।
• এই বিজ্ঞপ্তিতে যে গোপনীয়তা সংক্রান্ত পদ্ধতির কথা বলা হয়েছে, তা অনুসরণ করা এবং এটির একটি কপি আপনাকে প্রদান করা।
• নিরাপত্তা লঙ্ঘনের কারণে সুরক্ষিত স্বাস্থ্য বিষয়ক তথ্য প্রকাশ হলে সংশ্লিষ্ট ব্যক্তিকে অবহিত করা।

**আমরা কিভাবে আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য ব্যবহার এবং প্রকাশ করি।**
অনেক ক্ষেত্রে, আপনার লিখিত অনুমতি ছাড়াই আমরা আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য ব্যবহার এবং প্রকাশ করতে পারি। যদিও, নিচে বর্ণনা করা হয়নি এমন ব্যবহার এবং প্রকাশের ক্ষেত্রে আপনার অনুমতি আবশ্যিক। কিছু কিছু ক্ষেত্রে, আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য ব্যবহার বা প্রকাশ করার জন্য আপনার লিখিত অনুমোদন প্রয়োজন। যেমন, আমরা কখনোই আপনার অনুমতি ছাড়া, মার্কেটিংয়ের জন্য আপনার তথ্য ব্যবহার বা বিক্রি করব না। নিম্নোক্ত ক্যাটাগরির মাধ্যমে বর্ণনা করা হয়েছে, আমরা স্বাস্থ্য বিষয়ক তথ্য কোন কোন উপায়ে বা পদ্ধতিতে ব্যবহার এবং প্রকাশ করি।

**চিকিৎসার জন্য**: আপনার চিকিৎসা সংক্রান্ত তথ্য আমরা ব্যবহার করতে পারি এবং আপনার চিকিৎসা করছেন, এমন পেশাদারদের কাছে তা প্রকাশ করতে পারি।
যেমন, আপনার চিকিৎসায় নিযুক্ত একজন চিকিৎসক অন্য একজন স্বাস্থ্য সেবা প্রদানকারীর কাছ থেকে আপনার সামগ্রিক স্বাস্থ্য বিষয়ক তথ্য জানার অনুরোধ করতে পারেন।
চিকিৎসা চালিয়ে যাওয়ার জন্য আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য আমরা প্রকাশ করতে পারি। পৃথক পৃথক Corewell Health দপ্তর, আপনার প্রয়োজনীয় বিভিন্ন বিষয়ে সমন্বয় সাধনের জন্য অথবা একটি রেফারেলের সমন্বয় সাধনের জন্য আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য প্রকাশ করতে পারে, যেমন প্রেসক্রিপশন, ল্যাবের কাজ, এক্স-রে বা থেরাপি।
Corewell Health-এ চিকিৎসার পর আপনার চিকিৎসায় নিযুক্ত Corewell Health লোকজনের বাইরে অন্যদের কাছে আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য আমরা প্রকাশ করতে পারি, যেমন পরিবারের সদস্য বা হোম হেলথ এজেন্সি। হেলথ কেয়ার সার্ভিসের জন্য আপনাকে অন্য কোনো স্বাস্থ্য সেবা প্রদানকারী কাছে রেফার বা ট্রান্সফার করা হলে, আমরা তার কাছে আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য প্রকাশ করতে পারি।

যেসব স্বাস্থ্য সেবা প্রদানকারী Corewell Health-এর বাইরে আপনাকে সেবা প্রদান করে তাদের যতটা সম্ভব সম্পূর্ণ তথ্যে অ্যাক্সেস প্রয়োজন যাতে তারা আপনার সেবা সম্পর্কে সিদ্ধান্ত নিতে পারে। এই প্রদানকারীরা এই উদ্দেশ্যে Corewell Health-এর কাছ থেকে আপনার ইলেক্ট্রনিক বা কাগজের রেকর্ড অ্যাক্সেস করতে পারেন। এছাড়াও এই প্রদানকারীরা যখন আপনাকে চিকিৎসার জন্য Corewell Health-এ রেফার করেন, তখন তারা আপনার চিকিৎসা সংক্রান্ত অগ্রগতিতে নজর রাখার জন্য আপনার রেকর্ড এবং আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য অ্যাক্সেস করতে পারেন। এই সমস্ত ক্ষেত্রে আপনার রেকর্ডের গোপনীয়তা এবং সুরক্ষা নিশ্চিত করার জন্য Corewell Health বেশ কিছু উপায় এবং অবলম্বন করে।

**পেমেন্টের জন্য**: আমরা বিল পাঠাতে এবং Corewell Health-এ আপনার পাওয়া চিকিৎসা এবং সেবার জন্য অন্যান্য প্রতিষ্ঠানের বা হেলথ প্ল্যানের ক্ষেত্রে পেমেন্ট পেতে আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য এবং স্বাস্থ্য বিষয়ক নয় এমন তথ্য ব্যবহার এবং প্রকাশ করতে পারি। যেমন, আপনার স্বাস্থ্য বিমা প্ল্যানকে আপনার তথ্য দেওয়া যেতে পারে, যাতে তারা আপনার স্বাস্থ্য সেবা বা সেবার জন্য পেমেন্ট করতে পারে। আগাম অনুমোদন সংগ্রহ করার জন্য, আপনি যে চিকিৎসা পেতে চলেছেন, সেই ব্যাপারে আপনার হেলথ প্ল্যানকে আমরা জানাতে পারি বা আপনার প্ল্যানের আওতায় ওই চিকিৎসাটি থাকবে কি না, তা নির্ধারণ করতে পারি। Corewell Health-এ সেবা প্রদান করা কিছু প্রদানকারী পৃথকভাবে বিল পাঠায় এবং বিলিং ও পেমেন্ট প্রক্রিয়ায় সামঞ্জস্যের জন্য আমরা তাদেরকে পেমেন্ট সংক্রান্ত তথ্য জানাতে পারি। আপনার বিমার আওতার ব্যাপারে আরো তথ্য সংগ্রহ বা যাচাই করতে অথবা আপনার অ্যাকাউন্ট নিয়ে আলোচনা করার জন্য আমরা টেলিফোনের মাধ্যমে অথবা লিখিতভাবে আপনার সাথে যোগাযোগ করতে পারি। আপনি যদি কোনো স্বাস্থ্যসেবা আইটেম বা সেবার জন্য সম্পূর্ণ পেমেন্ট করে থাকেন এবং আমাদের জানান যে সংশ্লিষ্ট আইটেম এবং সেবার ব্যাপারে আপনার হেলথ প্ল্যান যেন জানতে না পারে, তাহলে আমরা সেই তথ্য আপনার হেলথ প্ল্যানের কাছে প্রকাশ করব না, যদি না আইন অনুযায়ী আমরা সেটি করতে বাধ্য হই।

**স্বাস্থ্য সেবা কার্যক্রমে জন্য**: আমরা আমাদের কার্যক্রম পরিচালনা করার জন্য আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য ব্যবহার এবং প্রকাশ করতে পারি—যেমন অ্যাকাউন্টিং, দাবির প্রক্রিয়া বা আমাদের কর্মীবাহিনীর মূল্যায়নের জন্য। আমাদের সব রোগী উচ্চমানের সেবা পাচ্ছেন তা নিশ্চিত করতে এবং Corewell Health-এর কার্যক্রম পরিচালনা করার জন্য তথ্যের এ জাতীয় ব্যবহার এবং প্রকাশ আবশ্যক। যেমন, আমরা আমাদের অর্গানাইজড হেলথ কেয়ার অ্যারেঞ্জমেন্টের (OHCA) অংশ হিসেবে, Corewell Health-এর মালিকানাধীন একটি হেলথ প্ল্যান হিসেবে পরিচিত Priority Health-এর কাছে আপনার তথ্য প্রকাশ করতে পারি। Priority Health-এর সাথে তথ্য শেয়ার করলে আমরা আমাদের ইন্টিগ্রেটেড হেলথ সিস্টেমের লক্ষ্যগুলো অর্জন করতে পারি, যেমন মানোন্নয়ন, পপুলেশন হেলথ ম্যানেজমেন্ট এবং Corewell Health ও Priority Health দ্বারা সেবা গ্রহণ করা কমিউনিটিগুলোর সামগ্রিক স্বাস্থ্য এবং সুস্থতার উন্নতি করা। এছাড়াও আমরা আমাদের সেবা কিভাবে আরো উন্নত করতে পারি এবং Corewell Health-এ আপনি যে সেবাগুলি পেয়েছেন সেগুলোর গুণমানের ব্যাপারে আপনার মতামত জানতে এবং আপনার সাথে যোগাযোগ করার জন্য আমরা নির্দিষ্ট কিছু চিকিৎসা সংক্রান্ত তথ্য এবং চিকিৎসা সংক্রান্ত নয় এমন তথ্য ব্যবহার করতে পারি। কোন কোন অতিরিক্ত সেবা Corewell Health-এর তরফ থেকে অফার করা উচিত, কী কী সেবার প্রয়োজন নেই এবং কিছু নির্দিষ্ট নতুন চিকিৎসা কার্যকর কি না, সেই ব্যাপারে সিদ্ধান্ত নিতে, আমরা অনেক রোগীদের স্বাস্থ্য বিষয়ক তথ্য একত্রিত করতে পারি। শিক্ষা সংক্রান্ত উদ্দেশ্যে চিকিৎসক, নার্স, টেকনিশিয়ান, স্বাস্থ্য সেবা পেশাদার শিক্ষার্থী এবং হাসপাতালের অন্য কর্মীদের কাছে আমরা তথ্য প্রকাশ করতে পারি। আমরা আমাদের কর্মদক্ষতা তুলনা করতে এবং আমরা যে পরিচর্যা ও সেবাগুলি প্রদান করি তা কিভাবে উন্নত করতে পারি তা নির্ধারণ করতে অন্যান্য সংস্থার স্বাস্থ্য তথ্যের সাথে আমাদের কাছে থাকা স্বাস্থ্য তথ্যকে একত্রিত করতে পারি।

**ঘটনামূলক ব্যবহার এবং প্রকাশ**: আইন অনুযায়ী অনুমোদিত বা আবশ্যক এমন অন্য কোনো ব্যবহার বা প্রকাশের সাথে সংশ্লিষ্ট থাকলে আমরা আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য ব্যবহার বা প্রকাশ করতে পারি। যেমন, অনেক সময়, আপনার চিকিৎসা সংক্রান্ত অবস্থার ব্যাপারে চিকিৎসক, নার্স বা অন্য Corewell Health কর্মীদের মধ্যে কথোপকথনে আড়ি পাতা যাবে। অনুগ্রহ করে আশ্বস্ত থাকবেন যে, এই ধরনের পরিস্থিতি যতটা সম্ভব এড়ানোর জন্য আমাদের যথাযথ সুরক্ষা ব্যবস্থা রয়েছে।

**অ্যাপয়েন্টমেন্ট রিমাইন্ডার**: প্রেসক্রিপশন রিফিল করতে হলে অথবা Corewell Health-এ আপনার আসন্ন অ্যাপয়েন্টমেন্টের ব্যাপারে আপনাকে মনে করিয়ে দেওয়ার জন্য আমরা স্বাস্থ্য বিষয়ক তথ্য ব্যবহার এবং প্রকাশ করতে পারি।

**তহবিল সংগ্রহের কার্যক্রম**: তহবিল সংগ্রহের ক্ষেত্রে, আমরা চিকিৎসা সংক্রান্ত নয় এমন নির্দিষ্ট কিছু তথ্য ব্যবহার করতে পারি, এগুলোর মধ্যে রয়েছে (তবে এগুলোর মধ্যেই সীমাবদ্ধ নয়) - আপনার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, সেবার তারিখ এবং স্থান, বয়স, এবং লিঙ্গ, যাতে Corewell Health দ্বারা নিয়ন্ত্রিত বা মালিকানাধীন ফাউন্ডেশনের মাধ্যমে Corewell Health অনুমোদিত শাখা সংগঠনের জন্য অর্থ সংগ্রহ করতে আপনার সাথে যোগাযোগ করা যায়। সংগ্রহ করা অর্থ আমাদের তরফ থেকে কমিউনিটিকে প্রদান করা সেবা এবং প্রোগ্রামের বিস্তার ও উন্নতির জন্য ব্যবহার করা হবে। তহবিল সংগ্রহের উদ্দেশ্যে আপনার তথ্য ব্যবহার এবং প্রকাশ করা থেকে আপনার "অপ্ট-আউট" করার অধিকার আছে।

**হাসপাতালের ডিরেক্টরি**: আপনি Corewell Health হাসপাতালে রোগী হিসেবে ভর্তি থাকার সময় আমরা হাসপাতালের ডিরেক্টরিতে আপনার সম্পর্কে সীমিত তথ্য অন্তর্ভুক্ত করতে পারি। এই তথ্যের মধ্যে থাকতে পারে আপনার নাম, হাসপাতালের ঠিকানা, আপনার সাধারণ অবস্থা (অর্থাৎ ভালো, স্থিতিশীল ইত্যাদি) এবং আপনার ধর্মীয় বিশ্বাস। ধর্মীয় বিশ্বাস ছাড়া এই তথ্যগুলো আপনার নাম ধরে যারা জানতে চাইবেন, তাদের কাছে প্রকাশ করা হতে পারে। এছাড়া হাসপাতালের তরফ থেকে একটি পৃথক ডিরেক্টরির ব্যবস্থা করা হতে পারে, যেখানে আপনার ধর্মীয় বিশ্বাসের বিশদ তথ্য থাকবে এবং ধর্মগুরুদের কাছে সেই ডিরেক্টরি প্রকাশ করা হতে পারে। এর কারণ আপনার পরিবারের সদস্য, বন্ধুবান্ধব এবং ধর্মগুরু যাতে হাসপাতালে গিয়ে আপনার সাথে দেখা করতে পারেন এবং আপনার সাধারণ শারীরিক অবস্থা সম্পর্কে জানতে পারেন। হাসপাতালের ডিরেক্টরিতে আপনার তথ্য অন্তর্ভুক্তির উপর আপনি বিধি-নিষেধ আরোপ করতে (সীমিত করতে বা অন্তর্ভুক্ত না করতে) অনুরোধ করতে পারেন। বিধি-নিষেধের ব্যাপারে অনুরোধ করার জন্য আপনাকে অবশ্যই রেজিস্ট্রেশনের সময় আমাদের তা জানাতে হবে।

**আপনার সেবা বা আপনার সেবার পেমেন্টে নিযুক্ত থাকা লোকজন**: আপনি আপত্তি না করলে, আপনার সেবায় নিযুক্ত থাকা কোনো বন্ধু বা পরিবারের সদস্যের কাছে আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য আমরা প্রকাশ করতে পারি অথবা আমরা যদি মনে করি এই প্রকাশ আপনার স্বার্থে করা প্রয়োজন, তাহলে তা করা হবে। আপনার সেবার জন্য পেমেন্ট করতে যিনি সাহায্য করেন বা পেমেন্টের সাথে নিযুক্ত থাকা কোনো ব্যক্তিকেও আমরা তথ্য দিতে পারি। আপনার সাধারণ অবস্থার ব্যাপারে আপনার পরিবার বা বন্ধুদেরকে আমরা জানাতে পারি। এছাড়াও, আমরা আপনার স্বাস্থ্য

বিষয়ক তথ্য দুর্যোগে ত্রাণ সেবা সহায়তাকারী প্রতিষ্ঠানের সাথে শেয়ার করতে পারি, যাতে আপনার পরিবারকে আপনার অবস্থা, পরিস্থিতি এবং অবস্থান সম্পর্কে অবহিত করা যায়।

**গবেষণা**: নির্দিষ্ট পরিস্থিতিতে, গবেষণার উদ্দেশ্যে আমরা আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য ব্যবহার এবং প্রকাশ করতে পারি। উদাহরণস্বরূপ, একটি গবেষণা প্রকল্পে একই অবস্থার জন্য ভিন্ন ভিন্ন ওষুধ গ্রহণ করে এমন রোগীদের স্বাস্থ্য এবং সুস্থ হওয়ার মূল্যায়ন অন্তর্ভুক্ত থাকতে পারে। সকল গবেষণা প্রকল্প বিশেষ অনুমোদন প্রক্রিয়া সাপেক্ষে করা হয়। এই প্রক্রিয়াটি একটি প্রস্তাবিত গবেষণা প্রকল্প এবং এর স্বাস্থ্য বিষয়ক তথ্যের ব্যবহারের মূল্যায়ন করে। এছাড়াও এই প্রক্রিয়াটি নিশ্চিত করে যে গবেষণার প্রয়োজনীয়তা আমাদের রোগীদের স্বাস্থ্য বিষয়ক তথ্যের গোপনীয়তার প্রয়োজনের সাথে সামঞ্জস্যপূর্ণ। গবেষণার জন্য স্বাস্থ্য বিষয়ক তথ্য ব্যবহার বা প্রকাশ করার আগে, এই গবেষণা অনুমোদন প্রক্রিয়ার মাধ্যমে প্রকল্পটি পর্যালোচনা করা হবে। যদিও, আমরা গবেষণা প্রকল্প পরিচালনার জন্য প্রস্তুত ব্যক্তিদের সাথে আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য শেয়ার করতে পারি। উদাহরণস্বরূপ, আমরা গবেষকদের সাথে তথ্য শেয়ার করতে পারি যাতে তারা এমন রোগীদের খুঁজে নিতে পারে যাদের নির্দিষ্ট চিকিৎসা সেবা প্রয়োজন এবং যারা স্বাস্থ্য তথ্য পর্যালোচনা না করা পর্যন্ত Corewell Health ত্যাগ করবে না। আমরা আপনার নির্দিষ্ট অনুমতি চাইতে পারি, যদি গবেষক আপনার নাম, ঠিকানা বা অন্যান্য ব্যক্তিগত তথ্য অ্যাক্সেস করতে চান অথবা Corewell Health-এ আপনার গবেষণা-সম্পর্কিত সেবার সাথে জড়িত থাকেন।

**আইন অনুযায়ী প্রয়োজনীয় হলে**: ফেডারেল, রাজ্য বা স্থানীয় আইন বা প্রবিধান অনুযায়ী প্রয়োজন হলে আমরা আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য প্রকাশ করব। উদাহরণস্বরূপ, জনস্বাস্থ্যের উদ্দেশ্যে আমাদের কিছু আহত হওয়া বা অসুস্থতার রিপোর্ট করতে হয়।

**স্বাস্থ্য বা সুরক্ষার জন্য গুরুতর হুমকি এড়িয়ে যেতে**: আপনার স্বাস্থ্য ও সুরক্ষা বা জনসাধারণ বা অন্য কোনো ব্যক্তির স্বাস্থ্য ও সুরক্ষার জন্য গুরুতর হুমকি প্রতিরোধ করার জন্য প্রয়োজন অনুযায়ী আমরা আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য ব্যবহার এবং প্রকাশ করতে পারি। আমরা কেবল হুমকি প্রতিরোধে সহায়তা করতে সক্ষম এমন ব্যক্তির সাথে আপনার তথ্য শেয়ার করব।

**Corewell Health-এর প্রোগ্রাম বা পণ্য সম্পর্কিত যোগাযোগ**: Corewell Health-এর স্বাস্থ্য-সংক্রান্ত পণ্য বা সেবা সম্পর্কে আপনাকে অবহিত করার জন্য আমরা আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য ব্যবহার এবং প্রকাশ করতে পারি। এছাড়াও, আপনার চিকিৎসা, কেস ম্যানেজমেন্ট বা সেবা সমন্বয় সম্পর্কিত পণ্য বা সেবা সম্পর্কে আপনাকে জানাতে অথবা বিকল্প চিকিৎসা, থেরাপি, প্রদানকারী বা সেবার পরিবেশ সম্পর্কে অবহিত করতে আমরা আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য ব্যবহার বা প্রকাশ করতে পারি। আমরা মাঝে মাঝে আপনাকে অন্য কোম্পানির পণ্য বা সেবা সম্পর্কে জানাতে পারি তবে যদি সেগুলি ব্যক্তিগতভাবে ঘটে তাহলেই কেবল এই ধরনের প্রচারের ক্ষেত্রে আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য ব্যবহার বা প্রকাশ করব।

**স্বাস্থ্য তথ্য এক্সচেঞ্জ**: Corewell Health ইলেকট্রনিক উপায়ে প্রেসক্রিপশনের তথ্য সহ স্বাস্থ্য বিষয়ক তথ্য রেকর্ড করে এবং পাঠায়। স্বাস্থ্য বিষয়ক তথ্য এই বিজ্ঞপ্তিতে উল্লিখিত উদ্দেশ্যে ইলেকট্রনিক উপায়ে শেয়ার করা হয় এবং স্থানীয়, রাজ্য এবং জাতীয় স্বাস্থ্য তথ্য এক্সচেঞ্জের মাধ্যমে সুরক্ষিত থাকে। Corewell Health স্বাস্থ্য তথ্য এক্সচেঞ্জে অংশগ্রহণ করে, এর মধ্যে রয়েছে MiHIN (Michigan Health Information Network) এবং ভবিষ্যতে অন্যান্য তথ্য এক্সচেঞ্জে অংশগ্রহণ করতে পারে। এক্সচেঞ্জের মাধ্যমে কিভাবে স্বাস্থ্য বিষয়ক তথ্য অ্যাক্সেস করা যায় সে সম্পর্কে MiHIN-এর কিছু নিয়ম রয়েছে এবং যা এই ধরনের তথ্যের ব্যবহার ও প্রকাশকে সীমাবদ্ধ করে। আপনি এই স্বাস্থ্য তথ্য এক্সচেঞ্জ ও অন্যান্য এক্সচেঞ্জের মাধ্যমে MiHIN এবং আপনার তথ্য প্রেরণের সাথে সম্পর্কিত আপনার অধিকার সম্পর্কে আরো তথ্যের জন্য **privacy@corewellhealth.org** ঠিকানায় ইমেল করতে পারেন।

**Epic's Care Everywhere**: আপনার মেডিকেল রেকর্ড Epic নামক একটি কম্পিউটার সফটওয়্যার প্রোগ্রামে ইলেকট্রনিক উপায়ে সংরক্ষণ করা হয়। আপনি যে সেবা পান তা উন্নত করতে Corewell Health অন্যান্য প্রদানকারীদের সাথে আপনার স্বাস্থ্য রেকর্ডগুলি Epic's Care Everywhere ব্যবহার করে ইলেকট্রনিক উপায়ে শেয়ার করে। যারা Epic ব্যবহার করে এবং আপনার চিকিৎসা করছে এমন অন্যান্য স্বাস্থ্য সেবা প্রদানকারীদেরকে তৎক্ষণাৎ আপনার চিকিৎসা বিষয়ক তথ্য দেখানোর জন্য আমরা এটি করি। Epic ব্যবহার করে এমন অন্য হাসপাতালে আপনি নিবন্ধিত হলে, সেই হাসপাতালের একজন চিকিৎসক ইলেকট্রনিক উপায়ে আমাদের হাসপাতাল থেকে মেডিকেল রেকর্ডের জন্য অনুরোধ করতে পারেন। উদাহরণস্বরূপ, জরুরি অবস্থায়, একজন ডাক্তার Corewell Health-এর কাছ থেকে ইলেকট্রনিক উপায়ে আপনার মেডিকেল রেকর্ডের জন্য অনুরোধ করতে পারেন এবং এরপর যদি "অনুমতি" দেওয়া হয়, তাহলে তিনি আপনার ল্যাবের ফলাফলগুলি দেখতে পারবেন। এইভাবে আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য শেয়ার করার ফলে ডাক্তার অনেক তথ্য জেনে চিকিৎসার সিদ্ধান্ত নিতে পারবেন। অনুরোধকারী হাসপাতাল বা স্বাস্থ্য সেবা প্রদানকারী থেকে আপনি বর্তমানে সেবা গ্রহণ করছেন কি না তা নিশ্চিত করার জন্য সুরক্ষা ব্যবস্থা রয়েছে। স্বাস্থ্য সেবা প্রদানকারীদের অবশ্যই আপনার সম্পর্কে পর্যাপ্ত তথ্য থাকতে হবে যাতে তারা প্রমাণ দিতে পারে যে তারা আপনাকে সেবা প্রদান করছে এবং আপনাকে অবশ্যই তাদের ইলেকট্রনিক মেডিকেল রেকর্ডে রোগী হিসেবে নিবন্ধিত হতে হবে। আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্যে HIV/AIDS, যৌন সংক্রামিত রোগ, জিনগত তথ্য, মানসিক স্বাস্থ্য, মাদকদ্রব্যের অপব্যবহার, জিনগত পরীক্ষা ইত্যাদির মতো সংবেদনশীল রোগ নির্ণয় অন্তর্ভুক্ত থাকতে পারে। সাইকোথেরাপি নোটগুলি আপনার মেডিকেল রেকর্ড বা আমাদের স্বাস্থ্য তথ্য এক্সচেঞ্জের অন্তর্ভুক্ত নয়। আপনি যদি Epic's Care Everywhere থেকে "অপ্ট-আউট" করতে চান, তাহলে অনুগ্রহ করে এই বিজ্ঞপ্তির প্রথম কলামে তালিকাভুক্ত ফোন নম্বর বা ইমেল ঠিকানা ব্যবহার করে আমাদের প্রাইভেসি অফিসে যোগাযোগ করুন।

## আমরা কিভাবে আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য ব্যবহার বা প্রকাশ করতে পারি – বিশেষ পরিস্থিতি

অনেক ক্ষেত্রে, আমরা আপনার লিখিত অনুমতি ছাড়াই আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য ব্যবহার এবং প্রকাশ করতে পারি। কোনো বিশেষ পরিস্থিতিতে আমরা কিভাবে আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য ব্যবহার বা প্রকাশ করতে পারি তার রূপরেখা নিচে দেওয়া হলো।

**অঙ্গ ও টিস্যু দান**: আপনি যদি অঙ্গ দাতা (অর্গান ডোনার) হন, তাহলে আমরা অঙ্গ সংগ্রহ বা অঙ্গ, চোখ এবং টিস্যু প্রতিস্থাপন পরিচালনাকারী সংস্থাগুলিতে বা কোনো অর্গান ডোনার ব্যাংককে প্রয়োজন অনুযায়ী স্বাস্থ্য বিষয়ক তথ্য প্রকাশ করতে পারি।

**সামরিক সেনা ও সাবেক সেনা সদস্য**: আপনি সশস্ত্র বাহিনীর সদস্য হলে, সামরিক কমান্ড কর্তৃপক্ষের প্রয়োজন অনুসারে আমরা আপনার চিকিৎসা বিষয়ক তথ্য প্রকাশ করতে পারি। এছাড়াও আমরা উপযুক্ত বিদেশী সামরিক কর্তৃপক্ষের নিকট বিদেশী সামরিক কর্মীদের স্বাস্থ্য বিষয়ক তথ্য প্রকাশ করতে পারি। পরিবারের কোনো সদস্য সামরিক বাহিনীতে থাকলে নির্দিষ্ট পরিস্থিতিতে আমরা আপনার পরিবারের সদস্যকে আপনার অবস্থা সম্পর্কে জানাতে সামরিক বাহিনী বা রেড ক্রসের মতো অনুমোদিত সামাজিক সেবা সংস্থার নিকট আপনার সম্পর্কে

তথ্য প্রকাশ করতে পারি।

**শ্রমিকদের ক্ষতিপূরণ**: আমরা শ্রমিকদের ক্ষতিপূরণ বা অনুরূপ প্রোগ্রামের জন্য আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য প্রকাশ করতে পারি। এই প্রোগ্রামগুলি কাজের ক্ষেত্রে ঘটে যাওয়া আঘাত এবং অসুস্থতার জন্য সুবিধা প্রদান করে।

**জনস্বাস্থ্যের ঝুঁকি**: আমরা জনস্বাস্থ্য কার্যক্রমের জন্য আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য প্রকাশ করতে পারি, যার মধ্যে রয়েছে:

- রোগ, আঘাত বা অক্ষমতা প্রতিরোধ বা নিয়ন্ত্রণ।
- জন্ম ও মৃত্যুর রিপোর্ট এবং রোগের রেজিস্ট্রিতে অংশগ্রহণ।
- শিশু নির্যাতন বা অবহেলার রিপোর্ট।
- ওষুধের পার্শ্বপ্রতিক্রিয়া বা পণ্যের সমস্যা সম্পর্কিত রিপোর্ট।
- লোকেরা যে পণ্যগুলি ব্যবহার করতে পারে সেগুলির জন্য তাদেরকে অবহিত করা।
- এমন কোনো ব্যক্তিকে অবহিত করা যিনি কোনো রোগের সংস্পর্শে আসতে পারেন বা কোনো রোগ বা অবস্থার সংক্রমণ বা বিস্তারের ঝুঁকিতে থাকতে পারেন।
- যদি আমরা মনে করি যে কোনো রোগী নির্যাতন, অবহেলা বা ঘরোয়া সহিংসতার শিকার হয়েছে তাহলে উপযুক্ত সরকারি কর্তৃপক্ষকে অবহিত করা। আপনি সম্মতি দিলে বা আইন দ্বারা অনুমোদিত হলে তবেই আমরা প্রকাশ করব।

**স্বাস্থ্য বিষয়ক তদারকির কার্যক্রম**: আমরা আইন দ্বারা অনুমোদিত কার্যক্রমের জন্য কোনো স্বাস্থ্য তদারকির এজেন্সির নিকট স্বাস্থ্য বিষয়ক তথ্য প্রকাশ করতে পারি। উদাহরণস্বরূপ, এইসব তদারকির কার্যক্রমের মধ্যে রয়েছে নিরীক্ষা, তদন্ত, পরিদর্শন এবং লাইসেন্স। স্বাস্থ্যসেবা পদ্ধতি, সরকারি কর্মসূচী এবং নাগরিক অধিকার আইন মেনে চলতে সরকারের জন্য এইসব কার্যক্রম দরকারী।

**মামলা এবং বিবাদ**: আপনি যদি মামলা এবং বিবাদের সাথে জড়িত থাকেন, তাহলে আমরা আদালত বা প্রশাসনিক আদেশের প্রতিক্রিয়ায় আপনার সম্পর্কে স্বাস্থ্য বিষয়ক তথ্য প্রকাশ করতে পারি। বিবাদের সাথে জড়িত কারো দ্বারা তলবনামা, অনুসন্ধানের অনুরোধ বা অন্যান্য আইনানুগ প্রক্রিয়ার জবাব হিসেবে আমরা আপনার সম্পর্কে চিকিৎসা সংক্রান্ত তথ্যও প্রকাশ করতে পারি, তবে শুধুমাত্র আপনি যদি এই ধরনের প্রকাশে সম্মত থাকেন তবেই। তবে, কোনো বিচারক কর্তৃক প্রকাশের অনুরোধ স্বাক্ষরিত হলে বা আইন অনুসারে আদালত কর্তৃক আদেশ জারি করা হলে আপনার অনুমতির দরকার হবে না।

**আইন প্রয়োগকারী সংস্থা**: আমরা নিচের এইসব পরিস্থিতিতে আইন প্রয়োগকারী সংস্থার নিকট স্বাস্থ্য বিষয়ক তথ্য প্রকাশ করতে পারি: আদালতের আদেশ, তলবনামা, ওয়ারেন্ট, সমন বা অনুরূপ প্রক্রিয়ার জবাবে,

- সন্দেহভাজন ব্যক্তি, পলাতক, গুরুত্বপূর্ণ সাক্ষী বা নিখোঁজ ব্যক্তিকে শনাক্ত করা বা সঠিক অবস্থান খোঁজা,
- যদি কোনো অপরাধের শিকার ব্যক্তির সম্পর্কে তথ্য হয় এবং নির্দিষ্ট সীমাবদ্ধ পরিস্থিতিতে হলে, আমরা তথ্য প্রকাশের জন্য ব্যক্তির সম্মতি গ্রহণ করতে পারব না,
- অপরাধমূলক আচরণের ফল হতে পারে এমন মৃত্যু সম্পর্কে তথ্য যা আমরা বিশ্বাস করি,
- Corewell Health সেবাকেন্দ্র অপরাধমূলক আচরণ সম্পর্কে বা
- জরুরি পরিস্থিতিতে কোনো অপরাধ, অপরাধ সঙ্ঘটন বা ভুক্তভোগীদের অবস্থান জানা বা অপরাধকারী ব্যক্তির পরিচয় (বর্ণনা বা অবস্থান) সম্পর্কে রিপোর্ট করা।

**অপঘাতজনিত মৃত্যুর তদন্তকারী, মেডিকেল পরীক্ষক ও অন্ত্যেষ্টিক্রিয়ার পরিচালকগণ**: আমরা অপঘাতজনিত মৃত্যুর তদন্তকারী, মেডিকেল পরীক্ষকের নিকট স্বাস্থ্য বিষয়ক তথ্য প্রকাশ করতে পারি। উদাহরণস্বরূপ, এটি একজন মৃত ব্যক্তিকে শনাক্ত করতে বা মৃত্যুর কারণ জানার জন্য প্রয়োজন হতে পারে। আমরা প্রয়োজন অনুযায়ী অন্ত্যেষ্টিক্রিয়ার পরিচালকগণের নিকট স্বাস্থ্য বিষয়ক তথ্য প্রকাশ করতে পারি যাতে তারা নিজেদের দায়িত্ব পালন করতে পারেন।

**জাতীয় নিরাপত্তা ও গোয়েন্দা কার্যক্রম**: আমরা আইন দ্বারা অনুমোদিত গোয়েন্দা, কাউন্টার ইন্টেলিজেন্স এবং অন্যান্য জাতীয় নিরাপত্তা কার্যক্রমের জন্য অনুমোদিত ফেডারেল কর্মকর্তাদের নিকট স্বাস্থ্য বিষয়ক তথ্য প্রকাশ করতে পারি।

**প্রেসিডেন্ট এবং অন্যদের জন্য প্রতিরক্ষামূলক সেবা**: আমরা অনুমোদিত ফেডারেল কর্মকর্তাদের নিকট আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য প্রকাশ করতে পারি যাতে তারা প্রেসিডেন্ট, অনুমোদিত ব্যক্তি বা বিদেশী রাষ্ট্রপ্রধানদের রক্ষা করতে পারে বা বিশেষ তদন্ত পরিচালনা করতে পারে।

**কয়েদি**: আপনি যদি কোনো সংশোধনমূলক প্রতিষ্ঠানের কয়েদি হন বা আইন প্রয়োগকারী কর্মকর্তার হেফাজতে থাকেন, তাহলে আমরা সংশোধনকারী প্রতিষ্ঠান বা আইন প্রয়োগকারী কর্মকর্তার কাছ আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য প্রকাশ করতে পারি। আপনাকে স্বাস্থ্যসেবা প্রদান করা, আপনার স্বাস্থ্য ও নিরাপত্তা বা অন্যদের স্বাস্থ্য ও নিরাপত্তা বা সংশোধনকারী প্রতিষ্ঠানের নিরাপত্তা ও সুরক্ষার জন্য এই প্রকাশের প্রয়োজন হবে।

**তৃতীয় পক্ষগুলি**: আমরা Corewell Health প্রতিষ্ঠানের হয়ে সেবা সম্পাদনের জন্য যেসকল তৃতীয় পক্ষের সাথে চুক্তি করি তাদের সাথে আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য প্রকাশ করতে পারি। যদি এরকমটা ঘটে, তাহলে আমরা তৃতীয় পক্ষের কাছ থেকে লিখিত নিশ্চয়তা পাব যে আপনার তথ্য সুরক্ষিত থাকবে।

**অধিক গোপনীয় তথ্য**: কিছু স্বাস্থ্য বিষয়ক তথ্যের জন্য বিশেষ গোপনীয়তা সুরক্ষা গ্রহণ করা হয়, যেমন সাইকোথেরাপি নোট, মানসিক স্বাস্থ্য এবং বিকাশজনিত অক্ষমতার জন্য সেবা, অ্যালকোহল ও ড্রাগ অপব্যবহারের চিকিৎসা এবং প্রতিরোধ সেবা সহ আরো কিছু রোগ। আমরা শুধুমাত্র অনুমোদিত বা প্রযোজ্য আইন অনুসারে বা আপনার লিখিত অনুমতি নিয়েই চিকিৎসা সংক্রান্ত আপনার অধিক গোপনীয় তথ্য ব্যবহার বা শেয়ার করি।

## স্বাস্থ্য বিষয়ক তথ্য সম্পর্কিত আপনার অধিকার

**পরিদর্শন ও কপি করার অধিকার**: আপনার মেডিকেল রেকর্ড এবং আমাদের কাছে আপনার সম্পর্কে অন্যান্য যেসব স্বাস্থ্য বিষয়ক তথ্য রয়েছে সেগুলির একটি ইলেকট্রনিক বা কাগজ কপি দেখতে অথবা সংগ্রহ করার জন্য চাইতে পারেন। আপনি চিকিৎসা সংক্রান্ত তথ্য ও বিলিং রেকর্ড চাইতে পারবেন, তবে কোনো সাইকোথেরাপি নোট নয়। এটি কিভাবে করবেন তা স্বাস্থ্য তথ্য ব্যবস্থাপনা (HIM)-কে জিজ্ঞাসা করুন। সাধারণত আমরা আপনার অনুরোধের 30 দিনের মধ্যে আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্যের একটি কপি বা সারসংক্ষেপ প্রদান করব। আমরা যুক্তিসঙ্গত, খরচ ভিত্তিক ফি ধার্য করতে পারি। আমরা কিছু সীমাবদ্ধ পরিস্থিতিতে পরিদর্শন ও কপি করার জন্য আপনার অনুরোধটি প্রত্যাখ্যান করতে পারি। স্বাস্থ্য বিষয়ক তথ্যের অ্যাক্সেস থেকে আপনাকে প্রত্যাখ্যাত করা হলে, আপনি সেটি পর্যালোচনার জন্য অনুরোধ করতে পারবেন। Corewell Health-এর নির্বাচিত আরেকজন স্বাস্থ্য সেবা প্রদানকারী পেশাদার আপনার অনুরোধ ও স্বাস্থ্য বিষয়ক তথ্যের অ্যাক্সেস থেকে প্রত্যাখ্যাত হওয়ার বিষয়টি পর্যালোচনা করবেন। আপনার প্রাথমিক

অনুরোধটি প্রত্যাখ্যান করেছেন এমন ব্যক্তি পর্যালোচনা পরিচালনাকারী ব্যক্তি হবেন না। আমরা পর্যালোচনার ফলাফল মেনে চলব। আপনি গবেষণা কার্যক্রমে অংশগ্রহণ করলে, যতক্ষণ না আপনি অংশগ্রহণ করার আগে স্বাক্ষরিত সম্মতি ফরমে এই অ্যাক্সেসের সীমাবদ্ধতার সাথে সম্মত হন ততক্ষণ আমরা সেই গবেষণার সাথে সম্পর্কিত আপনার স্বাস্থ্য সংক্রান্ত কিছু তথ্য পরিদর্শন এবং কপি করার জন্য আপনার অনুরোধ প্রত্যাখ্যান করতে পারি। এছাড়াও আমরা পক্ষান্তরে আইন দ্বারা অনুমোদিত হিসেবে অ্যাক্সেস অস্বীকার করতে পারি।

**সংশোধনের অধিকার**: আপনি যদি মনে করেন আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য ভুল বা অসম্পন্ন রয়েছে, তাহলে HIM-কে সেটি সংশোধন করার জন্য বলতে পারেন। এটি কিভাবে করবেন তা আমাদেরকে জিজ্ঞাসা করুন। আমরা আপনার উত্তরের প্রেক্ষিতে "না" বলতে পারি, তবে আমরা 60 দিনের মধ্যে এর কারণ লিখিত আকারে জানাব। অনুরোধটি লিখিত আকারে না থাকলে বা অনুরোধ সমর্থন করার কারণ অন্তর্ভুক্ত না করা হলে সংশোধনের জন্য আপনার অনুরোধটি প্রত্যাখ্যান করা হতে পারে। আপনার অনুরোধটি প্রত্যাখ্যান করা হতে পারে:

- যদি আপনি আমাদের দ্বারা তৈরি করা হয়নি এমন তথ্য সংশোধন করতে বলেন, যদি না যে ব্যক্তি বা প্রতিষ্ঠান তথ্য তৈরি করেছেন তারা সেটি সংশোধন করার জন্য আর উপলভ্য না থাকেন।
- যদি আপনি আমাদেরকে এমন তথ্য সংশোধন করতে বলেন যা Corewell Health প্রতিষ্ঠানটি দ্বারা বা এর স্বাস্থ্য বিষয়ক তথ্যের অংশ নয়।
- যদি আপনি আমাদেরকে এমন তথ্য সংশোধন করতে বলেন যা আপনাকে পরিদর্শন ও কপি করার অনুমতি দেওয়া হবে।
- যদি সঠিক ও সম্পূর্ণ তথ্য সংশোধন করতে বলেন।

**তথ্য শেয়ার করা সংক্রান্ত জবাব চাওয়ার অধিকার**: আপনার জিজ্ঞাসার তারিখের ছয় বছর আগে আমরা কতবার আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্য শেয়ার করেছি, কার সাথে এটি শেয়ার করেছি এবং কেন তা করেছি আপনি তার একটি তালিকা (হিসাব) চাইতে পারেন। কিভাবে এটির অনুরোধ করবেন তা HIM-কে জিজ্ঞাসা করুন। আমরা চিকিৎসা, পেমেন্ট, স্বাস্থ্যসেবা সংক্রান্ত কার্যক্রম এবং কিছু অন্যান্য তথ্য (যেমন আপনি আমাদের করতে বলেছেন) ছাড়া সকল তথ্য প্রকাশ অন্তর্ভুক্ত করব। আমরা বিনামূল্যে বছরে একটি হিসাব প্রদান করব, তবে আপনি যদি 12 মাসের মধ্যে অন্য একটির জন্য জিজ্ঞাসা করেন তাহলে আমরা যুক্তিসঙ্গত, খরচ-ভিত্তিক ফি চার্জ করব। আপনি কোন ফরমে তালিকাটি (যেমন, কাগজ বা ইলেকট্রনিক উপায়ে) চান সেটি আপনার অনুরোধে উল্লেখ করা উচিত।

**বিধিনিষেধের অনুরোধ করার অধিকার**: আপনি চিকিৎসা, পেমেন্ট, স্বাস্থ্যসেবা সংক্রান্ত কার্যক্রমের নির্দিষ্ট স্বাস্থ্য তথ্য প্রকাশ বা ব্যবহার না করার জন্য বলতে পারেন। আপনি যদি কোনো সেবা বা স্বাস্থ্যসেবার আইটেমের জন্য নিজে সরাসরি পেমেন্ট করেন, তাহলে আপনি আমাদেরকে আপনার স্বাস্থ্য বিমাকারীর সাথে সেই তথ্য শেয়ার না করার জন্য বলতে পারেন। যদি এটি আপনার পরিচর্যাকে প্রভাবিত করে অথবা যদি আমরা আপনার অনুরোধ মেনে চলতে না পারি, তাহলে কোনো আইন আমাদেরকে সেই তথ্য শেয়ার করতে বাধ্য না করা পর্যন্ত আমরা "হ্যাঁ" বলব।

**গোপনীয় যোগাযোগের অনুরোধ করার অধিকার**: আমরা যেন স্বাস্থ্য পরিচর্যার বিষয় নিয়ে আপনার সাথে নির্দিষ্ট উপায়ে বা একটি নির্দিষ্ট স্থানে যোগাযোগ করি আপনি সেটির জন্য অনুরোধ করতে পারি। উদাহরণস্বরূপ, আপনি আমাদেরকে শুধুমাত্র কর্মক্ষেত্রে বা মেইলে আপনার সাথে যোগাযোগের জন্য বলতে পারেন। আমরা যুক্তিসঙ্গত সকল অনুরোধের সাথে সম্মত হব। নিবন্ধন চলাকালীন আপনার রোগীর প্রতিনিধির কাছে বা গোপনীয়তার অফিসে একটি অনুরোধ করা যেতে পারে। আমরা আপনার অনুরোধটি লিখিত আকারে জানানোর জন্য আপনাকে বলতে পারি।

**এই বিজ্ঞপ্তির কাগজের কপি পাওয়ার অধিকার**: আপনি যেকোনো সময় এই বিজ্ঞপ্তির একটি কপি চাইতে পারেন। এমনকি আপনি ইলেকট্রনিক উপায়ে এই বিজ্ঞপ্তিটি পেতে সম্মত হলে, তবুও আপনি কাগজের একটি কপি পাওয়ার অধিকারী। আপনি আমাদের ওয়েবসাইট, **corewellhealth.org/policies**-এ গিয়ে বা যেকোনো Corewell স্বাস্থ্য সুবিধা থেকে বিজ্ঞপ্তির একটি কপি পেতে পারেন।

**এই বিজ্ঞপ্তির পরিবর্তনগুলি**

আমরা এই বিজ্ঞপ্তি পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করি। ইতোমধ্যে আপনার সম্পর্কে যেসব স্বাস্থ্য বিষয়ক তথ্য আমাদের কাছে আছে এবং ভবিষ্যতে প্রাপ্ত যেকোনো তথ্য সংশোধিত বিজ্ঞপ্তিটিতে কার্যকর করার অধিকারও আমরা সংরক্ষণ করি। আমরা এই বিজ্ঞপ্তির আওতায় থাকা সেবাকেন্দ্র, অফিস এবং অবস্থানগুলিতে বর্তমান বিজ্ঞপ্তির একটি কপি পোস্ট করব। বিজ্ঞপ্তির মধ্যে কার্যকর তারিখ থাকবে। এছাড়াও, আপনি প্রত্যেকবার কোনো সেবাকেন্দ্র বা অফিসে নিবন্ধন করার সময় অথবা আপনি কোনো ইনপেশেন্ট বা বহিরাগত রোগী হিসেবে চিকিৎসা বা স্বাস্থ্য পরিচর্যা সেবার জন্য কোনো সেবাকেন্দ্রে ভর্তি হলে, অতি সাম্প্রতিক বিজ্ঞপ্তির একটি কপি উপলভ্য করা হবে।

যদি আপনি মনে করেন যে আপনার গোপনীয়তার অধিকার লঙ্ঘিত হয়েছে, তাহলে আপনি Corewell Health বা স্বাস্থ্য ও মানব সেবা বিভাগের কার্যনির্বাহকের নিকট অভিযোগ জানাতে পারেন। Corewell Health এর নিকট অভিযোগ জানাতে, **privacy@corewellhealth.org**-এ ইমেল করুন অথবা এখানে যোগাযোগ করুন:
Corewell Health, Chief Privacy Officer MC168,
100 Michigan Street NE, Grand Rapids, MI 49503.

সকল অভিযোগ লিখিত আকারে জমা দিতে হবে।
অভিযোগ জানানোর জন্য আপনাকে জরিমানা করা হবে না।

**আপনার স্বাস্থ্য বিষয়ক তথ্যের অন্যান্য ব্যবহার**

এই বিজ্ঞপ্তিতে বা Corewell Health এর ক্ষেত্রে প্রযোজ্য আইনের আওতায় নেই এমন স্বাস্থ্য বিষয়ক তথ্যের অন্যান্য ব্যবহার এবং প্রকাশগুলি শুধুমাত্র আপনার লিখিত অনুমতি নিয়ে করা হবে। আপনি যদি আমাদেরকে নিজের চিকিৎসা সংক্রান্ত তথ্য ব্যবহার বা প্রকাশ করার অনুমতি দেন, তাহলে আপনি যেকোনো সময় লিখিতভাবে সেই অনুমতি প্রত্যাহার করতে পারবেন। আপনি নিজের দেওয়া অনুমতি প্রত্যাহার করে নিলে, আমরা আপনার লিখিত অনুমোদনের আওতায় থাকা কারণগুলির জন্য আপনার সম্পর্কে স্বাস্থ্যগত তথ্য ব্যবহার বা প্রকাশ করব না। ইতোমধ্যে আপনার প্রদত্ত অনুমতি নিয়ে যা প্রকাশ করেছি আমরা সেগুলির পরিবর্তন করতে পারব না এবং আপনাকে যেসব সেবা প্রদান করেছি সেগুলির রেকর্ড আমাদেরকে রাখতে হবে।

**corewellhealth.org/policies**

Corewell Health © 10.2023